# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৯৯৫

৩৭/ নিদ্রা সম্পর্কীয় (كتاب النوم)

পরিচ্ছেদঃ ৮. সকাল বেলা কোন দু'আ পড়বে- সে সম্পর্কে।

باب مَا يَقُولُ إِذَا أَصْبَحَ

---

আরবী

حَدَّثَنَا عَمْرُو بْنُ عُثْمَانَ الْحِمْصِيُّ، وَمُؤَمَّلُ بْنُ الْفَضْلِ الْحَرَّانِيُّ، وَعَلِيُّ بْنُ سَهْلٍ الرَّمْلِيُّ، وَمُحَمَّدُ بْنُ الْمُصَفَّى الْحِمْصِيُّ، قَالُوا حَدَّثَنَا الْوَلِيدُ، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ حَسَّانَ الْكِنَانِيُّ، قَالَ حَدَّثَنِي مُسْلِمُ بْنُ الْحَارِثِ بْنِ مُسْلِمٍ التَّمِيمِيُّ، عَنْ أَبِيهِ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ نَحْوَهُ إِلَى قَوْلِهِ " جِوَارٌ مِنْهَا " . إِلاَّ أَنَّهُ قَالَ فِيهِمَا " قَبْلَ أَنْ تُكَلِّمَ أَحَدًا " . قَالَ عَلِيُّ بْنُ سَهْلٍ فِيهِ إِنَّ أَبَاهُ حَدَّثَهُ وَقَالَ عَلِيٌّ وَابْنُ الْمُصَفَّى بَعَثَنَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فِي سَرِيَّةٍ فَلَمَّا بَلَغْنَا الْمُغَارَ اسْتَحْثَثْتُ فَرَسِي فَسَبَقْتُ أَصْحَابِي وَتَلَقَّانِي الْحَىُّ بِالرَّنِينِ فَقُلْتُ لَهُمْ قُولُوا لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ تُحْرَزُوا فَقَالُوهَا فَلاَمَنِي أَصْحَابِي وَقَالُوا حَرَمْتَنَا الْغَنِيمَةَ فَلَمَّا قَدِمْنَا عَلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم أَخْبَرُوهُ بِالَّذِي صَنَعْتُ فَدَعَانِي فَحَسَّنَ لِي مَا صَنَعْتُ وَقَالَ " أَمَا إِنَّ اللَّهَ قَدْ كَتَبَ لَكَ مِنْ كُلِّ إِنْسَانٍ مِنْهُمْ كَذَا وَكَذَا " . قَالَ عَبْدُ الرَّحْمَنِ فَأَنَا نَسِيتُ الثَّوَابَ ثُمَّ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " أَمَا إِنِّي سَأَكْتُبُ لَكَ بِالْوَصَاةِ بَعْدِي " . قَالَ فَفَعَلَ وَخَتَمَ عَلَيْهِ فَدَفَعَهُ إِلَىَّ وَقَالَ لِي ثُمَّ ذَكَرَ مَعْنَاهُمْ وَقَالَ ابْنُ الْمُصَفَّى قَالَ سَمِعْتُ الْحَارِثَ بْنَ مُسْلِمِ بْنِ الْحَارِثِ التَّمِيمِيَّ يُحَدِّثُ عَنْ أَبِيهِ .

বাংলা

৪৯৯৫. আমর ইবন উছমান হিমসী (রহঃ) .... হারিছ ইবন মুসলিম তামিমী (রাঃ) থেকে এরূপ বর্ণিত হয়েছে, যেরূপ উপরোক্ত হাদীছে বর্ণিত হয়েছে। তবে এ বর্ণনায় এরূপ অতিরিক্ত বর্ণিত হয়েছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ ফজর ও মাগরিবের সালাত আদায়ের পর, কারো সাথে কথা বলার আগে-এ দু'আ পাঠ করবে।

রাবী আলী ইবন সাহল (রহঃ) বলেনঃ তার পিতা তার কাছে বর্ণনা করেছেন যে, একবার রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের এক যুদ্ধে প্রেরণ করেন। আমরা যখন সেখানে পৌছাই তখন আমি আমার ঘোড়াকে দ্রুতবেগে চালিয়ে আমার সাথীদের থেকে আগে চলে যাই, যার ফলে সেখানকার লোকেরা চীৎকার দিতে থাকে। তখন আমি তাদের বলি, তোমরা বলঃ লা-ইলাহা ইল্লাল্লাহু; তাহলে তোমরা নিস্তার পাবে। তখন তারা এ কালিমা পড়ে নেয়। এতে আমার সাথীরা আমার দোষারূপ করে বলেঃ তুমি আমাদের গনীমতের মাল থেকে বঞ্চিত করলে।

এরপর তারা যখন ফিরে আসে, তখন তারা এ সম্পর্কে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে অবহিত করে, যা আমি করে ফেলি। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে ডাকেন এবং আমার এ কাজের জন্য আমাকে প্রশংসা করেন। তিনি বলেনঃ মহান আল্লাহ্ তোমার এ কাজের জন্য সে গোত্রের প্রত্যেকটি মানুষের জীবনের বিনিময়ে এত-এত পরিমাণ ছাওয়াব দান করেছেন।

রাবী আবদুর রহমান (রাঃ) বলেনঃ তিনি যে পরিমাণ ছাওয়াবের কথা উল্লেখ করেন, তা আমি ভুলে যাই। এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ আমি তোমার জন্য একটা অসীয়তনামা লিখে দেব। তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ অসীয়তনামা লিখে, সীল করে, আমাকে দেন।

## English

Narrated Muslim ibn al-Harith ibn Muslim at-Tamimi:

A similar tradition (to No. 5061) has been transmitted by Muslim ibn al-Harith ibn Muslim at-Tamimi on the authority of his father from the Prophet (ﷺ) through a different chain of narrators, up to "protection from it".

But this version says: "before speaking to anyone". In this version Ali ibn Sahl said that his father told him.

Ali and Ibn al-Musaffa said: The Messenger of Allah (ﷺ) sent us on an expedition. When we reached the place of attack, I galloped my horse and outstripped my companions, and the people of that locality received me with a great noise.

I said to them: Say "There is no god but Allah," and you will be protected. They said this.

My companions blamed me, saying: You deprived us of the booty. When we came to the Messenger of Allah (ﷺ), they told him what I had done.

So he called me, appreciating what I had done, and said: Allah has recorded for you so and so (a reward) for every man of them.

AbdurRahman said: I forgot the reward. The Messenger of Allah (ﷺ) then said: I shall write a will for you after me. He did this and stamped it, and gave it to me, saying....He then mentioned the rest of the tradition to the same effect. Ibn al-Musaffa said: I heard al-Harith ibn Muslim ibn al-Harith at-Tamimi transmitting it from his father.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37101

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন